

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২ ১৮

আগরতলা, ১৬ এপ্রিল ২০ ১৮

১৮- ১৯ এপ্রিল ‘গুণমান শিক্ষা, বিশেষ প্রসঙ্গে
উপজাতি শিক্ষা’ শীর্ষক আলোচনাচক্র

মহারাজা বীরবিক্রম কলেজের উদ্যোগে এবং আদিবাসী গবেষণা ও সংস্কৃতি প্রতিষ্ঠানের সহযোগিতায় আগামী ১৮ এবং ১৯ এপ্রিল দুইদিন ব্যাপী ‘গুণমান শিক্ষা, বিশেষ প্রসঙ্গে উপজাতি শিক্ষা’ শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট মহাবিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগ এই আলোচনাচক্রের আয়োজন করেছে। ১৮ই এপ্রিল সকাল ১১ টায় মুক্তধারা অডিটোরিয়ামে আলোচনাচক্রের উদ্বোধন হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উচ্চশিক্ষা মন্ত্রী রতন লাল নাথ, বিশেষ অতিথি হিসেবে উপজাতি কল্যাণ মন্ত্রী মেবার কুমার জমাতিয়া, সম্মানিত অতিথি হিসেবে রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী হিতকামানন্দ, মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গৌতম কুমার বসু টেংগাঘাট কলেজের অধ্যক্ষ অধ্যাপক কিরণ হাজারিকা এবং মহারাজা বীরবিক্রম কলেজের অধ্যক্ষ ড. দিলীপ সরকার উপস্থিত থাকবেন। ‘গুণমান শিক্ষা, বিশেষ প্রসঙ্গে উপজাতি শিক্ষা’ শীর্ষক এই জাতীয় আলোচনাচক্রে অংশ গ্রহণের জন্য মহাবিদ্যালয়ের আলোচনাচক্র উদ্যোক্তা কমিটির তরফ থেকে সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানানো হয়েছে। এম বি বি কলেজের অধ্যক্ষ ড. দিলীপ সরকার এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
